

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৫৬.২০১৬-৪৩১

তারিখ : ০১ আষাঢ়, ১৪২৪  
১৫ জুন, ২০১৭


বিষয় : জেলা প্রশাসক সম্মেলন ২০১৭ তে আলোচনার জন্য উপস্থাপনযোগ্য সম্ভাবনা/সমস্যা ও সুপারিশমালার বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র : ইউ ও নোট নং-৪৬.০৯৭.০১৬.০০.০০.০০৩.২০১৭-৬৫, তারিখ : ১২/০৬/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, সম্মেলন ২০১৭ তে আলোচনার জন্য উপস্থাপনযোগ্য সম্ভাবনা/ সমস্যা ও সুপারিশমালার মধ্যে ইউনিয়ন পরিষদ-২ শাখা সংশ্লিষ্ট অংশ নিম্নরূপ :

ক্রমিক	উপস্থাপিত বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ	উত্তরণের সুপারিশ
০১।	জনগণের আশা আকাঙ্ক্ষা পূর্ণ করতে এবং উন্নয়নমূলক কর্মকাণ্ডে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে নবনির্বাচিত চেয়ারম্যান এবং ইউপি সদস্যদের বিদ্যমান ইউপি সংশ্লিষ্ট আইন/বিধি ও নীতিমালা সম্পর্কে ধারাবাহিকভাবে প্রশিক্ষণ দেওয়ার জন্য একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন।	নবনির্বাচিত চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ সদস্যদের প্রশিক্ষণ প্রদান এবং প্রতি বছর নির্দিষ্ট মেয়াদে প্রশিক্ষণ দেওয়ার জন্য একটি নীতিমালা প্রণয়ন করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, নবনির্বাচিত চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ সদস্যদের প্রশিক্ষণ প্রদান এবং প্রতি বছর নির্দিষ্ট মেয়াদে প্রশিক্ষণ দেওয়ার নিমিত্ত একটি নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(ড. সৈয়দী নওশীন পারভীন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫১৪১৯০

মহাপরিচালক  
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)  
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সহকারী সচিব, মনিটরিং-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।